সরকারি আইনউদ্দীন কলেজ
মধুখালী, ফরিদপুর
অর্ধবার্ষিক পরীক্ষা-২০২১
বিষয়ঃ যুক্তিবিদ্যা ১ম ও ২য় পত্র
পূর্ণমানঃ ৭০

যেকোন ৪ টি প্রশ্নের উত্তর দাও।

১। দৃশ্যকল্প-১: তুহিন কৃষিবিদ্যার ছাত্র হিসেবে প্রচুর পড়াশুনা করত। ফলে কৃষি সম্পর্কিত যেকোন বিষয় সম্পর্কে তার ধারণা যথাযথ।

দৃশ্যকল্প-২: পড়াশুনা শেষে তুহিন তার গ্রামের বাড়িতে খামার করেছে। সেখানে বিভিন্ন ধরনের গাছে তিনি সঠিকভাবে সার কীটনাশক প্রয়োগ করেন। ফলে খামারে ফলনও বেশি। তাছাড়াও তিনিগ্রামের মানুষকে কৃষি বিষয়ক বিভিন্ন বিষয়ে হাতে কলমে শিক্ষা দিয়ে থাকেন।

(ক) Logos শব্দের অর্থ কী?
(খ) যুক্তিবিদ্যাকে আদর্শনিষ্ঠ বিজ্ঞান বলা হয় কেন?
(গ) দৃশ্যকল্প -১ এ যুক্তিবিদ্যার কোন দিকটি ফুটে উঠেছে?
ঘ) দৃশ্যকল্প -২ এ যুক্তিবিদ্যার সামগ্রিক দিকটি ফুটে উঠেছে বলে তুমি কি মনে কর? মতামত দাও।

২।



↓

অ্যারিস্টটল (খ্রি: পূর্ব ৩৮৪ থেকে ৩২২)

↓

জে.এস.মিল (খ্রি: পূর্ব ১৮০৬ থেকে ১৮৭৩)

↓

আই.এম. কপি (১৯১৭ খ্রি:--২০০২খ্রি:)

ক) যুক্তিবিদ্যার বুৎপত্তিগত অর্থ কী?
খ) যুক্তিবিদ্যাকে আদর্শনিষ্ঠ বিজ্ঞান বলা হয় কেন?
গ) খালি ঘরে পাঠ্যবইয়ের তথ্যের ওপর ভিত্তি করে সঠিক ধারণা বসাও এবং এটি ব্যাখ্যা কর।
ঘ) যুক্তিবিদ্যার আলোকে অ্যারিস্টটল ও আই.এম কপির ধারণার পার্থক্য বিশ্লেষণ কর।

৩। একাদশ শ্রেণির মানবিক শাখার তিনজন শিক্ষার্থী তাদের পাঠ্য বই গুলো নিয়ে আলোচনা করছিল। নিরব বলল আমাদের একটি বিষয় রয়েছে যা একই সঙ্গে একটি বিজ্ঞান এবং কলা। সৌরভ বলল বিষয়টি শুধু বিজ্ঞান না বরং আদর্শনিষ্ঠ বিজ্ঞান, বিন্দু বলল, এটি একটি চিন্তার বিজ্ঞান।

ক) যুক্তিবিদ্যার জনক কে?
খ) যুক্তিবিদ্যাকে কেন বিজ্ঞান বলা হয়?
গ) উদ্দীপকের নির্দেশিত বিষয়টির স্বরূপ নির্ণয় কর।
ঘ) উদ্দীপকে নির্দেশিত তিন শিক্ষার্থীর বক্তব্যে প্রতিফলিত বিষয়ের প্রয়োজনীয়তা সংক্ষেপে লেখ।

৪।

মানুষ, ফুল, জীব,সুন্দর, এবং,হয়

ছক-১

ফুল হয় সুন্দর মানুষ হয় জীব

ছক-২

ক) 'Terminus' শব্দের অর্থ কী?

খ) টি শব্দটি পদ নয় কেন?

গ) ছক-১ দ্বারা পাঠ্যবইয়ে কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর।

ঘ) ছক-১ ও ছক-২ এর মধ্যে তুলনামূলক পার্থক্য পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর।

৫। সোবান সাহেব তার দুই ছেলে লিমন ও ইমরান কে নিয়ে চিড়িয়াখানায় বেড়াতে যান। সেখানে হরিণ দেখে লিমন বলল, "সকল হরিণ হয় সুন্দর।" সামনে এগিয়ে ইমরান হাতি দেখতে পেয়ে বলল,- "বাহ! কি বিশাল প্রাণী!" সোবান সাহেব বললেন, "সকল প্রাণী হয় উপকারী।"

ক) যুক্তিবিদ্যায় শব্দ কত প্রকার?

খ) শব্দ কখন পদে পরিণত হয়?

গ) সোবান সাহেবের উক্তিটি কোন ধরণের যুক্তিবাক্য ? ব্যাখ্যা কর।

ঘ) লিমন আর ইমরানের উক্তি কি একই ধরণের? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর।

৬। কক্সবাজার ঘুরতে গিয়ে লোপা বলল, এখানকার 'সকল মানুষ হয় উদার' সুফিয়ান বলল , পর্যটন এলাকা হওয়াতে 'কোন কোন মানুষ হয় স্বার্থপর' ।

ক) নিরপেক্ষ পদ কাকে বলে?

খ) 'শিক্ষক ও শিক্ষার্থী ' পদ দুটি কোন ধরণের পদ? ব্যাখ্যা কর।

গ) লোপার বক্তব্য কোন ধরণের যুক্তিবাক্যকে নির্দেশ করে? ব্যাখ্যা কর।

ঘ) লোপা ও সুফিয়ানের বক্তব্য কি একই ধরণের ? যুক্তিবাক্যের আলোকে পার্থক্য দেখাও।

খ বিভাগ

যেকোন ৩ টি প্রশ্নের উত্তর দাও।

৭। সজল ও কাজল সকালে কলেজ লাইব্রেরির বারান্দায় বসে গল্প করছিল। গল্পছলে একসময় মানুষ সম্পর্কে প্রসঙ্গ এলে কাজল সজলকে প্রশ্ন করল। "মানুষ কী? উত্তরে সজল বলল, "মানুষ হয় সভ্য জীব" কাজল বলল, "তোমার উত্তর সঠিক হয়নি, কেননা মানুষ হয় সামাজিক জীব "?

ক) যৌক্তিক সংজ্ঞা কাকে বলে?

খ) সংজ্ঞায় দূর্বোধ্য ভাষা ব্যাবহার করা যায় না, কেন?

গ) উদ্দীপকে বর্ণিত সজলের বক্তব্যে যৌক্তিক সংজ্ঞার কোন ধরণের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকে মানুষ সম্পর্কে সজল ও কাজলের বক্তব্যের তুলনামূলক বিশ্লেষণ কর।

৮। দৃশ্যকল্প-১ সাহিত্য হলো সমাজের প্রতিচ্ছবি।

দৃশ্যকল্প -২ যিনি শিক্ষাদান করেন তিনিই শিক্ষক।

দৃশ্যকল্প-৩ মানুষ হয় বুদ্ধিবৃত্তি সম্পন্ন জীব।

ক)জ্যাতার্থ কী?

খ) মৌলিক গুনের সংজ্ঞা দেওয়া যায়না কেন?

গ) দৃশ্যকল্প -২ এ কোনর্ ধরণের অনুপাপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর।

ঘ) দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-৩ এ পাঠ্যপুস্তকের যে দুটি বিষয়ের ইংঙ্গিত রয়েছে তা বিশ্লেষণ কর।

৯।

দৃশ্যকল্প-১: রজনী হয় যামিনী

দৃশ্যকল্প -২: পুরুষ নয় নারী

দৃশ্যকল্প-৩: জীবন হলো বেদনা

ক) বাহুল্য সংজ্ঞা কাকে বলে?

খ) পরমতম জাতির সংজ্ঞা দেওয়া যায় না কেন?

গ) দৃশ্যকল্প-২ এ কোন ধরণেরর্ অনুপপত্তি ঘটেছে?

ঘ) দৃশ্যকল্প-১ এবং দৃশ্যকল্প-৩ এ যৌক্তিক সংজ্ঞাগত যে পার্থক্য রয়েছে তা বিশ্লেষণ করে দেখাও।

১০।

১ম দৃশ্যকল্পঃ



২য় দৃশ্যকল্পঃ



ক) যৌক্তিক বিভাগ কী?

খ) যৌক্তিক বিভাগের দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর।

গ) ১ম দৃশ্যকল্পে কোন ধরণের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর।

ঘ) ২য় দৃশ্যকল্পে যে বিষয়ের ইঙ্গিত রয়েছে সে বিষয়ের সুবিধা ও অসুবিধা গুলো বিশ্লেষণ কর।

১১। দৃশ্যকল্প-১

বিজন হয় মরণশীল

সুনীল হয় মরণশীল

রনি হয় মরণশীল

সানি হয় মরণশীল

;. সকল মানুষ হয় মরণশীল

দৃশ্যকল্প-২

আমি এ পর্যন্ত কোরিয়ার যত

মানুষ দেখেছি সবাই সংস্কৃতিমনা।

সুতরাং কোরিয়ার সকল মানুষ হয়

সংস্কৃতিমনা।

ক) আরোহ কী?

খ)আরোহমূলক লক্ষ হলো আরোহের প্রান, কেন?

গ) দৃশ্যকল্প-১ দ্বারা কোন ধরণের আরোহকে প্রকাশ করে এবং কেন?

ঘ) দৃশ্যকল্প-১ এবং দৃশ্যকল্প-২ এর আলোকে আরোহের মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর।